গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালুখালী, রাজবাড়ী
dss.kalukhali.rajbari.gov.bd

স্মারক নং-৪১.০১.৮২৪৭.০০০.১৬.০০৬১.২৬-১৮৯

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ এর শুমারীকালীন সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী পদে নিয়োজিতকরণের নিমিত্ত যাচাই পরীক্ষার ফলাফল প্রকাশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত খানা তথ্য ভান্ডার এর নির্ভুল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার জন্য "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬" ও সর্বশেষ জারিকৃত পরিপত্রের আলোকে কালুখালী উপজেলার আবেদনকারীদের শিক্ষা সনদ ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই বাছাই এবং ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নরূপ শর্তসাপেক্ষে স্বেচ্ছাসেবী হিসেবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে প্রাথমিকভাবে নির্বাচিত, সংরক্ষিত ও অপেক্ষমান প্রার্থীগণের তালিকা প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

তথ্য সংগ্রহকারী (নারী)

চূড়ান্ত সুপারিশপ্রাপ্তঃ

১০০২	১০১৭	১০৭২	১০৮৬	১০৯০	১০৯৮	১১১৫	১১২৪	১১২৭	১১২৮
১১৩৬	১১৪৫	১১৪৮	১২০১	১২১০	১২৩৬	১২৫১	১২৭১	১২৭৩	১২৯৯
১৩২৩	১৩৪৯	১৩৬৩	১৪৩২	১৪৪৪	১৪৪৭	১৪৫৫	১৪৬১	১৪৬৬	১৪৭০
১৪৭৫	১৪৭৬	মোটঃ ৩২ জন							

সংরক্ষিতঃ

১০০১	১০০৩	১২৯৬	মোটঃ ০৩ জন

অপেক্ষমানঃ

১০১৫	১০৪৪	১০৭৩	১০৭৬	১০৯৩	১১০০	১১১৭	১১৭৯	১৩৯৪	১৪০০
১৪৩০	১৪৬৯	১৪৮৩	মোটঃ ১৩ জন						

তথ্য সংগ্রহকারী (পুরুষ)

চূড়ান্ত সুপারিশপ্রাপ্তঃ

১০৫০	১০৬৮	১০৭০	১০৭১	১০৮০	১০৮২	১১১২	১১২৩	১১২৫	১১৩২
১১৪৩	১১৬৬	১২১৩	১২১৪	১২১৬	১২৪০	১২৫৪	১২৬১	১২৬৬	১২৯০
১২৯১	১৩১০	১৩২৬	১৩৩১	১৩৩৭	১৩৪৩	১৩৯৩	১৪১১	১৪২৩	১৪২৭
১৪৫৮	১৪৮০	মোটঃ ৩২ জন							

সংরক্ষিতঃ

১০৪০	১৪১০	১৪৩৯	মোটঃ ০৩ জন

অপেক্ষমানঃ

১০১৮	১০২৬	১০৩৮	১০৪৫	১০৪৯	১০৫২	১০৬১	১০৬২	১১১৩	১১১৮
১১৫৮	১২৪১	১২৭৬	১২৮৪	১৩০৪	১৩৩৫	১৩৪৪	১৩৫০	১৩৬৯	১৩৯৯
১৪০৭	১৪১৭	১৪৭৩	১৪৭৮	মোটঃ ২৪ জন					

সুপারভাইজার

চূড়ান্ত সুপারিশপ্রাপ্তঃ

১৫০২	১৫০৬	১৫১৪	১৫২৮	১৫৫১	১৫৫৯	মোটঃ ০৬ জন

সংরক্ষিতঃ

১৫৪২	মোটঃ ০১ জন

অপেক্ষমানঃ

১৫৬১	মোটঃ ০১ জন

শর্তাবলী:

০১। এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী; কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) জরিপকালীন সময়ে ইহা বহাল থাকবে।

০২। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কার্যক্রম সম্পর্কিত সকল বিষয় "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬" ও সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসারে নিয়ন্ত্রিত হবে।

০৩। জরিপে সংগৃহীত পরিবারের তথ্যের গোপনীয়তা রক্ষা করা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি অসত্য বা ভুয়া প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত হবে এবং প্রযোজ্যক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। জরিপ সমাপ্তান্তে সরকারি সকল ডিভাইস, গ্যাজেট ও আনুষাঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে। ডিভাইস নষ্ট হলে, হারিয়ে গেলে কিংবা চুরি হলে সংশ্লিষ্ট তথ্য সংগ্রহকারী (Enumerator) এবং সুপারভাইজার (Supervisor) এর নিকট হতে যথাযথ ক্ষতিপূরণ আদায় করা হবে।

০৫. জরিপকার্যে নিয়োজিত হয়ে সংগৃহীত খানার তথ্যের সংখ্যার ভিত্তিতে (কর্তৃপক্ষ যদি সম্মানীর বরাদ্দ রাখে তবে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষে) সম্মানী প্রদান করা হবে। সংরক্ষিত বা অপেক্ষমান গণনাকারীর ক্ষেত্রে নির্দেশিকায় উল্লিখিত বিধি-বিধান প্রযোজ্য হবে। জরিপ সমাপ্ত না হওয়া পর্যন্ত বা বরাদ্দ পাওয়া না গেলে সম্মানী দাবী করা যাবেনা।

০৬. তথ্য সংগ্রহের জন্য সরবরাহকৃত ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তথ্য সংগ্রহের কোন পর্যায়ে বিধি বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করা হলে সকল প্রকার মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে প্রতিস্থাপন করা হবে;

০৭. নিয়োজিত সকল তথ্য সংগ্রহকারী বা সুপারভাইজার উভয় পদে উপজেলা কমিটি কর্তৃক মনোনীত যে কোন ইউনিয়নে দায়িত্ব পালন করতে হতে পারে। দায়িত্ব বিভাজন সংশ্লিষ্ট ক্ষেত্রে কোন চয়েস/পছন্দ নেয়া হবে না। নির্ধারিত এলাকায় কিংবা চর এলাকায় দায়িত্ব পালনে অপারগ কিংবা অনিচ্ছুক হলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে মনোনয়ন প্রদান করা হবে।

০৮. মনোনীত প্রার্থীদের (চূড়ান্ত ও সংরক্ষিত) সকলকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

০৯. জরিপকালে কোন খানাপ্রধান বা পরিবারকে ফ্যামিলিকার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন করা, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট দেয়া, আর্থিক বা অনৈতিক কোনো প্রকার সুবিধা দাবী করা কঠোরভাবে নিষিদ্ধ। এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. অপেক্ষমান তালিকায় থাকা মানেই নিযুক্তকরণের নিশ্চয়তা নয়। কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে অপেক্ষমান প্রার্থীদের তালিকা হতে চূড়ান্ত তালিকায় প্রার্থীদের বিধিমোতাবেক নিয়োজিত করা হতে পারে।

১১. প্রকাশিত ফলাফলে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাছাই কমিটি সংরক্ষণ করে। এবং মাঠ পর্যায়ে নিয়োজন সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন সময়ে, যে কোন মনোনয়ন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০/০৮/২৬

মোঃ মেজবাহ উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
কালুখালী, রাজবাড়ী

স্মারক নং-৪১.০১.৮২৪৭.০০০.১৬.০০৬১.২৬-১৮৯/(৬)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য রাজবাড়ী-০২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী
০৫। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী, রাজবাড়ী।।
০৬ । অফিস কপি

20/08/2026

মোঃ নাজমুল হাসান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
কালুখালী, রাজবাড়ী